

নগর ভবনে দুদক টিম: ট্রেড লাইসেন্স প্রক্রিয়া সহজীকরণ

(অভিযানের তারিখ: ৩১ জুলাই, ২০১৮ খ্রি:)

ট্রেড লাইসেন্স নবায়নে নির্ধারিত ফি'র চেয়ে অধিক ফি রাখা হচ্ছে এবং বইয়ের ঘাটতি দেখিয়ে হয়রানি করা হচ্ছে, দুদক হটলাইনে (১০৬) আগত এরূপ অভিযোগের প্রেক্ষিতে আজ (৩১/০৭/২০১৮ ইং) নগর ভবন, প্রধান কার্যালয় (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন) আকস্মিক পরিদর্শন করেছে দুদক।

দুদক উপপরিচালক হেলালউদ্দিন শরীফের নেতৃত্বে একটি টিম এ অভিযানে অংশ নেয়। উল্লিখিত অভিযোগ প্রসঙ্গে নগরভবনের চিফ রেভিনিউ অফিসার দুদককে জানান, ট্রেড লাইসেন্স রিনিউ সংক্রান্ত জটিলতা ও হয়রানি শীঘ্রই নিরসন করা হচ্ছে এবং পেমেন্ট অনলাইন নির্ভর করার প্রক্রিয়া চলছে। আগামী দুই সপ্তাহের ভিতরে এ সেবা পুরোপুরি অনলাইনে পাওয়া যাবে। নগরভবনের বেশ কিছু সেবা, যেমন হাউজ ট্যাক্স প্রদান অনলাইনে হচ্ছে এবং আগামী বছর নাগাদ সকল সেবা অনলাইনে পাওয়া যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। দুদক টিম নগর ভবনে অবস্থিত দুটি আঞ্চলিক কার্যালয় পরিদর্শন করে এবং সংশ্লিষ্ট সকলকে ঘুষ-দুর্নীতিও অনিয়মমুক্ত সেবা নিশ্চিত করার পরামর্শ দেন।

উপস্থিত সেবাপ্রার্থী জনসাধারণকে যে কোনো অভিযোগ দুদক হটলাইনে (১০৬) জানানোর পরামর্শ দেয় দুদক টিম।

এ অভিযান পরিচালনা সক্ষপর্কে দুদক মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনীর চৌধুরী জানান, “দুদক টিম সব ধরনের সরকারি সেবা প্রদান প্রক্রিয়াকে দুর্নীতিমুক্ত রাখতে চায়, এ লক্ষ্যেই এ ধরনের নজরদারিমূলক অভিযান চলছে।”